

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৭৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ আল্লাহর সম্ভুষ্টির জন্য কারো সাথে ভালবাসা রাখার মাহাত্ম্য এবং তার প্রতি উৎসাহ প্রদান ও যে ব্যক্তি অন্য কাউকে ভালবাসে তাকে সে ব্যাপারে অবহিত করা ও কী বলে অবহিত করবে তার বিবরণ

আববী

وَعَنْ أَنَسٍ أَنَّ رَجُلًا كَانَ عِنْدَ النَّبِيِّ عَلَيْ فَمَرَّ رَجُلٌ بِهِ فَقَالَ : يَا رَسُوْلَ الله اِنِّيْ لَأُحِبُّ هَٰذَا فَقَالَ لَهُ النَّبِيِّ عَلَيْ أَاعْلَمْتَهُ ؟ قَالَ : لاَ قَالَ أَعْلِمْهُ فَلَحِقَهُ فَقَالَ : إِنِّي أُحِبُّكَ في الله فَقَالَ : أَخِبُّكَ أَعْلَمْتَهُ وَقَالَ : أَحْبُكُ في الله فَقَالَ : أَحَبَّكَ الَّذِي أَحْبَبْتَنِي لَهُ رواه أَبُو داود بإسناد صحيح

বাংলা

(৩৫৭৬) আনাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট (বসে) ছিল। অতঃপর এক ব্যক্তি তাঁর পাশ দিয়ে অতিক্রম করল। (যে বসেছিল) সে বলল, 'হে আল্লাহর রসূল! নিঃসন্দেহে আমি একে ভালবাসি।' (এ কথা শুনে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, তুমি কি (এ কথা) তাকে জানিয়েছ? সে বলল, 'না।' তিনি বললেন, তাকে জানিয়ে দাও। সুতরাং সে (দ্রুত) তার পিছনে গিয়ে (তাকে) বলল, 'আমি আল্লাহর ওয়ান্তে তোমাকে ভালবাসি।' সে বলল, 'যাঁর ওয়ান্তে তুমি আমাকে ভালবাসা, তিনি তোমাকে ভালবাসন।'

ফুটনোট

(আবূ দাউদ ৫১২৭, বিশুদ্ধ সূত্রে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন